দৈনিক ইত্তেফাক

তারিখ 09 JAN 1988
পৃষ্ঠা 1 কলাম 3





গতকাল নগরীর একটি স্কুলে ভর্তি-পরীক্ষা। (নীচে) স্কুল গেটের বাহিরে উৎকণ্ঠিত অভিভাবকদের ভীড় —ইত্তেফাক

# ভর্তি পরীক্ষা ॥ নগরীর স্কুলে অসম্ভব ভীড়

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (শুক্রবার) ভর্তি পরীক্ষার প্রথম দিনে নগরীর স্কুলগুলিতে ভর্তিচ্ছুদের ভীড় ছিল অস্বাভাবিক রকমের। গতকাল কেবল ছাত্রীদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ ছাত্রদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

নগরীর কোন কোন স্কুলে এবার একটি শূন্য আসনের জন্য ২১ জন প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিয়াছে। ভাল স্কুলগুলির কোন ক্লাসে একটি আসনও শূন্য ছিল না। সে সকল শ্রেণীর জন্য কোন ভর্তি পরীক্ষা গ্রহণ করা হয় নাই। ভর্তি পরীক্ষা চলাকালে বিপুল সংখ্যক অভিভাবককে স্কুল গেটের বাহিরে অপেক্ষা করিতে দেখা যায়।

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা

(১ম পৃঃ পর)

নগরীর কামরুন্নেসা স্কুলে এ বৎসর কেবল ৩টি শ্রেণীতে ছাত্রী ভর্তি করা হইবে। এই স্কুলে নবম শ্রেণীর মাত্র ৫টি শূন্য আসনের জন্য ১ শত ৬ জন ছাত্রী ভর্তি পরীক্ষা দিয়াছে। অষ্টম

(৭ম পৃঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা

(১ম পৃষ্ঠার পর)

শ্রেণীর ১০টি শূন্য আসনের প্রার্থী ছিল ১শত ২৬জন। চতুর্থ শ্রেণীর ৭০টি শূন্য আসনের জন্য ৫শত ২৬জন ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিয়াছে। এই স্কুলে চতুর্থ, অষ্টম ও নবম শ্রেণী ছাড়া অন্য কোন শ্রেণীতে একটি আসনও শূন্য ছিল না। স্কুলটিতে কেবল এই তিনটি শ্রেণীর জন্যই ভর্তি পরীক্ষা গ্রহণ করা হয়।

নগরীর আইডিয়াল হাইস্কুলে নবম শ্রেণীর ৫টি শূন্য আসনের জন্য ৯৪ জন, অষ্টম শ্রেণীর ১০টি শূন্য আসনের জন্য ১শত জন, ষষ্ঠ শ্রেণীর ৭০টি শূন্য আসনের জন্য ২ শত ৩৪ জন এবং পঞ্চম শ্রেণীর ৩০টি শূন্য আসনের জন্য ১ শত ৫৭ জন ভর্তি পরীক্ষায় অংশ নেয়। তৃতীয় শ্রেণীর ২৫টি শূন্য আসনের জন্য ৬ শত ৯৭ জন এবং প্রথম শ্রেণীর ১ শত ২০টি শূন্য আসনের জন্য ১ হাজার ৯২ জন ভর্তি পরীক্ষা দিয়াছে। ফলে স্বাভাবিকভাবেই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী বিপুল সংখ্যক প্রার্থী প্রত্যাশিত স্কুলে ভর্তির সুযোগ হইতে বঞ্চিত হইবে। এই স্কুলে আজ ছাত্রদের ভর্তি পরীক্ষায় ২ শত ৫টি শূন্য আসনের জন্য ১৭ শত ৩৪ জন প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিবে।